অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ব্রুকলিনের 270 মিলিয়ন মার্কিন ডলারের 385 ইউনিটের সাশ্রয়ী এবং সাপোর্টিভ হাউজিং ডেভেলপমেন্টের নির্মাণকাজ শুরু হওয়ার ঘোষণা করলেন

একাধিক পর্যায়ের Innovative Urban Village প্রোগ্রামের প্রথম প্রজেক্টটি Christian Cultural Center-এর ক্যাম্পাসকে নতুন করে নির্মাণ করবে

ডেভেলপমেন্টের মধ্যে আছে তাজা পণ্য বিক্রি করা মুদি দোকানের জন্য বাণিজ্যিক স্থান

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে Innovative Urban Village (IUV)-এর পর্যায় 1A-এর নির্মাণ কাজ শুরু হয়েছে, এটি ব্রুকলিনের (Brooklyn) ইস্ট নিউ ইয়র্ক (East New York) এলাকার একটি 385 ইউনিটের সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্ট যেখানে তাজা খাবারের মুদি দোকানের জন্য একটি বাণিজ্যিক স্থান থাকবে। 270 মিলিয়ন মার্কিন ডলারের প্রজেক্টটি হলো Christian Cultural Center-এর ক্যাম্পাসের সার্বিক নতুন ডেভেলপমেন্টের অংশ। ইভেন্টের ছবি এবং প্রজেক্টের রেন্ডারিং এখানে পাওয়া যাবে। গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট (New York State) হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) ব্রুকলিনে প্রায় 7,700টি সাশ্রয়ী বাসার জন্য তহবিল দিচ্ছে। Innovative Urban Village এই চেষ্টাকে চলমান রাখছে এবং গভর্নর Hochul-এর (হোকল) 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছরের হাউজিং প্ল্যানকে সমর্থন করছে, যা পুরো স্টেটে 100,000টি সাশ্রয়ী বাসা নির্মাণ বা সংরক্ষণ করার লক্ষ্য অর্জনের জন্য সঠিক পথে আছে।

"নিউ ইয়র্ক আমাদের স্টেটকে সাশ্রয়ী রাখতে এবং সকলের কাছে যাতে নিজের বলার মতো নিরাপদ ও আধুনিক বাসা থাকে তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ থাকছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই প্রজেক্টটি হাউজিংয়ের ক্রয়ক্ষমতার সঙ্কটের মোকাবেলা করতে আমাদের সাহায্য করছে এবং একই সাথে এমন বিনিয়োগকে অগ্রাধিকার দিচ্ছে যা এলাকাকে পরিবারের জন্য আরো বাসযোগ্য করবে। আমাদের পার্টনারদের সহযোগিতা ছাড়া Innovative Urban Village সম্ভব হতো না, এর মধ্যে আছেন মেয়র Adams (অ্যাডামস) এবং Christian Cultural Center, যারা নিউ ইয়র্ককে বাস করার জন্য আরো সাশ্রয়ী স্থান করতে নিবেদিত আছেন। প্রজেক্টের কাজ শেষ হওয়া দেখতে এবং বাসিন্দাদের বাসায় স্বাগত জানাতে আমরা আগ্রহের সাথে অপেক্ষা করছি।"

নিউ ইয়র্ক সিটির (New York City) মেয়র Eric Adams (এরিক অ্যাডামস) বলেন, "আমাদের সিটির হাউজিং সঙ্কট সামাল দেওয়ার সেরা উপায় হলো আরো সাশ্রয়ী হাউজিং তৈরি করা, এবং আমাদের অ্যাডমিনিস্ট্রেশন ঠিক তাই করছে। 'Innovative Urban Village' ব্রুকলিনে আরো বাসা, আরো চাকরি, এবং আরো আনন্দ নিয়ে আসবে, এবং একই সাথে আরো বেশি নিউ ইয়র্কবাসীকে এই প্রাণবন্ত কমিউনিটিতে আরো উজ্জ্বল একটি ভবিষ্যৎ পাওয়ার সুযোগ দিবে। বছরের পর বছর রেকর্ড পরিমাণ সাশ্রয়ী হাউজিং তৈরি করা থেকে শুরু করে আমাদের পুরো সিটিতে নতুন বাসা নির্মাণ করবে এমন ঐতিহাসিক জোনিং রিফর্ম পাশ করা পর্যন্ত, আমাদের সিটির ইতিহাসের সবথেকে হাউজিংবান্ধব অ্যাডমিনিস্ট্রেশন হতে পেরে আমরা গর্বিত। ধন্যবাদ গভর্নর Hochul (হোকল) এবং রেভারেন্ড Bernard-কে (বার্নার্ড), এই উচ্চাকাঙ্ক্ষী প্রজেক্টকে বাস্তব করার ব্যাপারে তাদের একই লক্ষ্য এবং পার্টনারশিপের জন্য।"

385 অ্যাপার্টমেন্টের সবগুলি এলাকার গড় আয়ের (Area Median Income) 30 শতাংশ থেকে 80 শতাংশ পর্যন্ত আয় করা গৃহস্থালিগুলির ক্রয়ক্ষমতার মধ্যে হবে। এছাড়াও অনসাইট সাপোর্ট সার্ভিসের জন্য যোগ্য গৃহস্থালি, যার মধ্যে হোমলেস হয়ে কষ্টে থাকা ব্যক্তিরা থাকবেন, তাদের জন্য 94টি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত থাকবে। সেবার মধ্যে থাকবে কেস ব্যবস্থাপনা, আইনি সেবা, পুষ্টি সমর্থন, এবং সোশ্যাল সার্ভিস।

Innovative Urban Village-এ সম্পূর্ণ ইলেকট্রিক হিটিং এবং কুলিং, সোলার প্যানেল, খরা প্রতিরোধক গাছপালাসহ সবুজ ছাদ যাতে গরম ও পানির ব্যবহার কম হয়, ইলেকট্রিক ভেহিকল চার্জ করার স্টেশন, কম প্রবাহের ফিক্সচার, LED বাতি, এবং ENERGY STAR অ্যাপ্লায়েন্স।

এই প্রজেক্টটি Christian Cultural Center-এর ক্যাম্পাসের একটি একাধিক পর্যায়ের প্রোগ্রামের অংশ। নতুন করে করা এই নির্মাণ হলো Christian Cultural Center, Gotham Organization, এবং Monadnock Development-এর মধ্যে একটি যৌথ উদ্যোগের পার্টনারশিপ। এটির নকশা করেছে Practice for Architecture and Urbanism এবং SLCE Architects। Urban Resource Institute (URI) অনসাইট সেবা দিবে।

একাধিক পর্যায়ের প্রোগ্রামটিতে শেষ পর্যন্ত 10টি বিল্ডিংয়ে মোট প্রায় 2,000টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট থাকবে। এছাড়াও এখানে চাইল্ডকেয়ার, বয়স্কদের জন্য সেবা, কর্মশক্তির বিকাশ, এবং নতুন একটি পারফর্মিং আর্টস সেন্টারসহ কমিউনিটি স্পেস থাকবে। বিদ্যমান এলাকার রাস্তার গ্রিডকে বড় করার জন্য নতুন রাস্তা যোগ করা হচ্ছে যাতে একে অন্যের সাথে সংযুক্ত পথচারীদের রাস্তা এবং জনগণের জন্য অ্যাক্সেসিবল খোলা স্থানের মধ্যে হাঁটার ব্যবস্থা সর্বোচ্চ করা যায়।

এই নতুন করে নির্মাণ করাকে সম্ভব করার জন্য নিউ ইয়র্ক সিটি প্রজেক্টের সাইটের রিজোনিংয়ের অনুমোদন দিয়েছে।

Innovative Urban Village-কে সমর্থন করছে HCR-এর Low-Income Housing Tax Credit প্রোগ্রাম যা 115 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ইক্যুইটি সৃষ্টি করবে বলে আশা করা যাচ্ছে এবং হাউজিং ফাইন্যান্স এজেন্সি (Housing Finance Agency) থেকে পাওয়া 47 মিলিয়ন মার্কিন ডলার। বাড়তি সমর্থনের মধ্যে আছে নিউ ইয়র্ক সিটির ডিপার্টমেন্ট অফ হাউজিং প্রিজার্ভেশন

অ্যান্ড ডেভেলপমেন্টের (New York City Department of Housing Preservation and Development) Extremely Low- and Low-Income Affordability প্রোগ্রাম থেকে পাওয়া 47 মিলিয়ন মার্কিন ডলার। এছাড়াও Urban Investment Group at Goldman Sachs Alternatives প্রজেক্টটিকে সমর্থন করছে।

সাইটটি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation) সফল Brownfield Cleanup প্রোগ্রামে অংশগ্রহণ করছে, এবং কাজ শেষ হয়ে যাওয়ার পর এটি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্সের (Department of Taxation and Finance) দেওয়া 28 মিলিয়ন মার্কিন ডলার ট্যাক্স ক্রেডিট পাওয়ার যোগ্য হবে। অপারেটিং তহবিল এবং সাপোর্টিভ অ্যাপার্টমেন্ট দিবে Empire State Supportive Housing উদ্যোগ যা পরিচালনা করে নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্টেন্স (Office of Temporary and Disability Assistance)।

আজকের ঘোষণাটি এছাড়াও গভর্নর Hochul (হোকল) এবং মেয়র Adams-এর (অ্যাডামস) "সিটি অফ ইয়েস (City of Yes)" প্ল্যানকে অগ্রসর করে যা হলো পুরো সিটিতে হাজার হাজার নতুন বাসা তৈরি করা এবং কনি আইল্যান্ড (Coney Island) থেকে ইনউড (Inwood) পর্যন্ত আরো পরিবারবান্ধব এলাকা তৈরি করা।

নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিস্নাউস্কাস) বলেন, "ইস্ট নিউ ইয়র্কে যে সার্বিক রূপান্তর হচ্ছে তার অংশ হতে পেরে আমরা আনন্দিত এবং আমরা বিশ্বাস করি যে Innovative Urban Village-এ আমাদের 162 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ এই এলাকাকে এবং 385টি গৃহস্থালিকে আগামী বহু বছরের জন্য লাভবান করবে। গভর্নর Hochul (হোকল) এবং নিউ ইয়র্ক সিটি, Christian Cultural Center, Gotham Organization, Monadnock, এবং আমাদের সকল পার্টনারদের ভিশন এবং এই প্রজেক্টকে সম্ভব করতে তাদের নিবেদনের জন্য আমি তাদের প্রতি কৃতজ্ঞ।"

অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্টেন্সের কমিশনার Barbara C. Guinn (বারবারা সি গুইন) বলেন, "Innovative Urban Village-এ যে স্থায়ী সাপোর্টিভ হাউজিং তৈরি করা হবে তা হোমলেস হওয়ার অভিজ্ঞতাসহ ব্যক্তি ও পরিবারকে বাসা বলার মতো একটি স্থান এবং একই সাথে অনসাইটে অতি প্রয়োজনীয় সাপোর্ট সার্ভিসের অ্যাক্সেস দিবে যা তাদেরকে আগামী বহু বছর ধরে স্থিতিশীলভাবে বাসায় থাকতে সাহায্য করবে। এই গুরুত্বপূর্ণ প্রজেক্টে আমাদের সকল স্টেট ও স্থানীয় পার্টনার এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে সাশ্রয়ী ও সাপোর্টিভ হাউজিংয়ের সাপ্লাই বাড়াতে ল্যান্ডমার্ক বিনিয়োগ করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রতি আমরা কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "ব্রুকলিনের মতো কমিউনিটিতে পরিবেশ দূষণ দূর করা হলে তা সাশ্রয়ী হাউজিং, ট্রানজিশনাল হাউজিং সেবা, এবং কমিউনিটি স্পেসের মতো অতি গুরুত্বপূর্ণ প্রয়োজনের জন্য বিনিয়োগ সম্ভব করে। নিউ ইয়র্ক স্টেটের Brownfield Cleanup

প্রোগ্রাম হলো একটি অতি প্রয়োজনীয় ব্যবস্থা যা পুরো স্টেটের কমিউনিটির পুনরুজ্জীবনকে সমর্থন করে এবং ইস্ট নিউ ইয়র্কের Innovative Urban Village প্রজেক্টটি হলো কীভাবে এই সফল ক্লিনআপ প্রোগ্রামটি পুরো স্টেটে সাশ্রয়ী, সাস্টেনেবল হাউজিং বাড়াতে গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক চেষ্টাকে অগ্রসর করতে সাহায্য করছে এবং একই সাথে জনস্বাস্থ্য ও পরিবেশকে রক্ষা করছে তার একটি প্রধান উদাহরণ।"

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের ভারপ্রাপ্ত কমিশনার Ahmed Tigani (আহমেদ টিগানি) বলেন, "Innovative Urban Village-এর মতো প্রজেক্টগুলি শুধু হাউজিং নির্মাণ নয়, এগুলি ব্রুকলিন এবং আমাদের সিটির মানুষের কাছে যে অঙ্গীকার করা হয়েছে তাতে জীবন দিয়ে থাকে: যা হলো এই যে ডেভেলপমেন্ট সমতার উৎস থেকে, কমিউনিটি থেকে আকার পেয়ে, এবং যত্ন দিয়ে গঠিত হতে পারে। পর্যায় 1A হলো কমিউনিটির সুযোগসুবিধা সহ একাধিক মিক্সড ইউজ বিল্ডিং এবং হোমলেস হয়ে পড়া নিউ ইয়র্কবাসীর জন্য সাপোর্টিভ হাউজিংসহ প্রায় 2,000 বাসা নিয়ে গঠিত আরো বড় একটি ভিশনের একটি অংশ মাত্র।"

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ সিটি প্ল্যানিংয়ের (Department of City Planning) ডিরেক্টর Dan Garodnick (ড্যান গার্ডোনিক) বলেন, "Innovative Urban Village একটি দুর্দান্ত উদাহরণ যে বুদ্ধি দিয়ে পরিকল্পনা করলে তা পরিবারগুলিকে জীবনের প্রতিটি পর্যায়ে সমর্থন করতে পারবে। চাইল্ডকেয়ার, বয়স্কদের সেবা, পথচারীবান্ধব রাস্তা, খোলা স্থান, ইত্যাদিসহ সীমিত আয়ের জন্য সাশ্রয়ী হাউজিং দেওয়া, ইস্ট নিউ ইয়র্কের এই ভবিষ্যৎ রত্নটি পুরো সিটিতে প্রাণবন্ত এলাকার জন্য একটি আদর্শ হিসেবে কাজ করবে।"

নিউ ইয়র্ক সিটি হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশনের (Housing Development Corporation, HDC) প্রেসিডেন্ট Eric Enderlin (এরিক এন্ডারলিন) বলেন, "এই ডাইনামিক, একাধিক পর্যায়ের প্রজেক্টকে সমর্থন করতে পেরে HDC গর্বিত যা কম আয়ের এবং আগে হোমলেস থাকা নিউ ইয়র্কবাসীদেরকে অতি প্রয়োজনীয় সাশ্রয়ী হাউজিং দিবে। একদম নতুন সাশ্রয়ী বাসার পাশাপাশি, Innovative Urban Village বাণিজ্যিক এবং কমিউনিটি ফ্যাসিলিটি স্পেস দিবে যা আগামী অনেক বছর ধরে বৃহত্তর ইস্ট নিউ ইয়র্ক এলাকাকে লাভবান করবে। নতুন এই মাইলফলকে পৌঁছানোর জন্য আমাদের সকল পার্টনারদের অভিনন্দন।"

সিনেটর Kirsten Gillibrand (কির্স্টেন জিলিব্র্যান্ড) বলেন, "নিউ ইয়র্কবাসীদের সাশ্রয়ী, নিরাপদ, এবং আধুনিক হাউজিংয়ের অ্যাক্সেস প্রাপ্য। এই ডেভেলপমেন্টটি Christian Cultural Center-এর ক্যাম্পাসকে পুনরুজ্জীবিত করতে সাহায্য করবে, আমাদের সবথেকে দুর্বলদের জন্য অতি গুরুত্বপূর্ণ সাপোর্ট সেবা দিবে, এবং ইস্ট নিউ ইয়র্কে আরেকটি অতি প্রয়োজনীয় মুদি দোকান নিয়ে আসবে। এই প্রজেক্টের ভালো প্রভাব দেখার জন্য আমি অতি আগ্রহ নিয়ে অপেক্ষা করছি এবং আমাদের স্টেটে এবং পুরো দেশে সাশ্রয়ী হাউজিং বাড়ানোর জন্য ফেডারেল তহবিল আনতে আমি লড়াই করে যাবো।"

হাউজ ডেমোক্রেটিক লিডার Hakeem Jeffries (হেকিম জেফ্রিস) বলেন, "আমেরিকাতে যখন আপনি পরিশ্রম করেন এবং নিয়ম মেনে চলেন, তখন আপনার একটি ভালো জীবনের সামর্থ্য থাকা উচিত। সেই জীবনের কেন্দ্রে হলো বাস করার জন্য একটি নিরাপদ, সাশ্রয়ী স্থান,

কিন্তু অনেক বেশি নিউ ইয়র্কবাসীর জন্য বাস্তবে তা নাগালের বাইরে চলে গেছে। Christian Cultural Center-র ক্যাম্পাসে Innovative Urban Village-এর কাজ শুরু করার জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), প্যাস্টর AR Bernard (এ আর বার্নার্ড) এবং তাদের ডেভেলপমেন্ট পার্টনারদের প্রতি আমি কৃতজ্ঞ, এটি কয়েকশত ব্রুকলিন পরিবারের জন্য নিরাপদ, সাস্টেনেবল এবং সাশ্রয়ী হাউজিং দিবে যাদের প্রতিনিধি হওয়ার বিশেষ সম্মান আমি পেয়েছি।"

স্টেটের সিনেটর Roxanne J. Persaud (রোক্সান জে পারসাউড) বলেন, "Innovative Urban Village-এর দ্বিতীয় নির্মাণ পর্যায় হলো ইস্ট নিউ ইয়র্কে চারশতের বেশি সাশ্রয়ী বাসা দেওয়ার দুর্দান্ত একটি সুযোগ। এই প্রজেক্টটি শুধু হাউজিংয়ের ঘাটতি পূরণ করতে সাহায্য করে না, বরং এছাড়াও আগামী অনেক জেনারেশন ধরে আমাদের কমিউনিটির জন্য সমতার এবং সাস্টেনেবল জীবনের প্রচার করে। আমাদের কমিউনিটির ভবিষ্যতের জন্য আমি আনন্দিত।"

ব্রুকলিন বরোর প্রেসিডেন্ট Antonio Reynoso (অ্যান্টনিও রেয়োনোসো) বলেন, "আমরা যখন তাজা খাবারের অ্যাক্সেসের মতো অতি প্রয়োজনীয় রিসোর্সসহ সাশ্রয়ী হাউজিং বানাই, তখন আমরা স্বাস্থ্য, মর্যাদা, এবং সুযোগে বিনিয়োগ করি। ইস্ট নিউ ইয়র্কে এই ভিশনকে বাস্তব করার জন্য এবং কমিউনিটি ও সমতাকে কেন্দ্র করে সাশ্রয়ী হাউজিং বানালে তা কেমন হয় তার একটি শক্তিশালী উদাহরণ স্থাপন করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং NYS হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) সদস্য Farah N. Louis (ফারাহ এন লুইস) বলেন, "দায়িত্ব নেওয়ার পর থেকেই আমি এটি নিশ্চিত করতে লড়াই করেছি যাতে সেন্ট্রাল ব্রুকলিনে অতি প্রয়োজনীয় সাশ্রয়ী হাউজিং ক্যাপিটাল আনার জন্য আমাদের সিটি আমাদের ক্ল্যার্জির সাথে অর্থপূর্ণভাবে পার্টনারশিপ করে। রেভারেন্ড A.R. Bernard-এর (এ আর বার্নার্ড) ভিশনের পক্ষে কথা বলার জন্য আমি তার সাথে এক সাথে কাজ করেছি, এবং ইস্ট নিউ ইয়র্কের কমিউনিটির উন্নতির জন্য এই রূপান্তরমূলক প্রজেক্টকে শেষ করার দিকে অগ্রসর করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং তার অ্যাডমিনিস্ট্রেশনের প্রশংসা করছি। আমি বিশ্বাস করি যে এই প্রজেক্টটি আগামী জেনারেশনের জন্য সুযোগ দিবে, এবং ব্রুকলিনে ও আমাদের সিটিতে প্রজেক্টটি যে ভিশনারি নেতৃত্ব, কমিউনিটির পার্টনারশিপ, এবং এক মূল্যবোধ তৈরি করবে তা দেখার জন্য আমি আগ্রহী।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য Chris Banks (ক্রিস ব্যাঙ্কস) বলেন, "Christian Cultural Center ক্যাম্পাসে Innovative Urban Village-এর নতুন করে নির্মাণ করার প্রজেক্টটি 42তম কাউন্সিল ডিস্ট্রিক্টে একটি রূপান্তরমূলক বিনিয়োগ করতে চলেছে। সত্যিকারের সাশ্রয়ী হাউজিং দিবে এমন একটি প্রজেক্টের পার্টনার হতে পেরে আমি গর্বিত। এভাবেই আমরা বহু জেনারেশনের জন্য এলাকা তৈরি করি ও টিকিয়ে রাখি এবং এভাবেই আমরা সত্যিকারের, বাস্তব উপায়ে কৃষ্ণাঙ্গ ও বাদামীদের জন্য জেনারেশনাল সম্পদ গঠন শুরু করতে পারবো।"

Christian Cultural Center-এর সিনিয়র প্যাস্টর রেভারেন্ড A. R. Bernard (এ আর বার্নার্ড) বলেন, "Innovative Urban Village-কে বাস্তব করার জন্য প্রত্যেক পার্টনার, নির্বাচিত কর্মকর্তা এবং কমিউনিটির সদস্যদের সাথে দাঁড়াতে পারা একটি দুর্দান্ত ব্যাপার। আমরা

আত্মবিশ্বাসী যে এই ডাইনামিক, মিশ্র আয়ের কমিউনিটিটি ঢেউয়ের মতো যে প্রভাব তৈরি করবে তা ইস্ট নিউ ইয়র্কের বাইরেও অনুভব করা যাবে, এটি সকল নিউ ইয়র্কবাসীর জন্য অনুসরণ করার মতো একটি উদাহরণ স্থাপন করবে।"

Gotham Organization-এর CEO David L. Picket (ডেভিড এল পিকেট) বলেন, "আজকের কাজ শুরু করা হলো Gotham-এর এবং এক শতকের বেশি সময় ধরে আমার পরিবার যে সিটিকে বাসা বলে জেনেছে তার জন্য একটি যুগান্তকারী মুহূর্ত। Innovative Urban Village কোম্পানি হিসেবে আমাদের কেন্দ্রীয় মূল্যবোধকে তুলে ধরে, যা হলো এমন মানসম্পন্ন হাউজিং দেওয়া যা সত্যিকারের নিউ ইয়র্কবাসীদের প্রয়োজন মেটায় এবং একই সাথে আমাদের এলাকার বুননকে জোরদার করে। IUV হলো ভিশন, পার্টনারশিপ, এবং অধ্যবসায়ের ফলাফল, এবং এটিকে বাস্তব করতে আমাদের পার্টনারদের সাথে কাজ করতে পেরে আমরা গর্বিত। এটি একটি শক্তিশালী উদাহরণ যে যখন সরকারি এবং বেসরকারি খাত একটি উদ্দেশ্য নিয়ে একত্রিত হয় তখন কী হতে পারে।"

Gotham Organization০এর ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট Bryan Kelly (ব্রায়ান কেলি) বলেন, "এই মুহূর্তটি হলো আমাদের পার্টনার, কমিউনিটির নেতা, এবং সিটির এজেন্সিগুলির সাথে বহু বছরের নিবেদিত সহযোগিতামূলক কাজের ফলাফল। আমরা এমন একটি এলাকা তৈরি করছি যা ক্রয়ক্ষমতা, সাস্টেনেবিলিটি, এবং সকলের জন্য সুযোগকে অগ্রাধিকার দিবে। Gotham-এ আমরা কমিউনিটির উন্নতির জন্য অর্থপূর্ণভাবে পরিকল্পিত নির্মাণের ক্ষমতাকে গভীরভাবে বিশ্বাস করি, এবং আমাদের পার্টনার ও স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে নিয়ে একসাথে আমরা Innovative Urban Village-এর কল্পনা করেছি যাতে ভবিষ্যতের হাউজিং ডেভেলপমেন্টের জন্য একটি নতুন মানদণ্ড স্থাপন করা যায়। আরো ইনক্লুসিভ এবং সমতার নিউ ইয়র্ক সিটির জন্য এটি একটি অর্থপূর্ণ পদক্ষেপ।"

Monadnock Development-এর প্রেসিডেন্ট Kirk Goodrich (কার্ক গুডরিচ) বলেন, "Innovative Urban Village হলো প্যাস্টর Bernard (বার্নার্ড), Gotham, এবং Monadnock-এর নেওয়া একটি সিদ্ধান্ত যে মানুষের সাধারণ হাউজিং ইউনিটের থেকেও বেশি কিছু প্রয়োজন। আমাদের সামগ্রিক উদ্দেশ্য হলো জীবন ও কমিউনিটিকে বদলে দেওয়া। আমাদের কাজ নিয়ে আমি গর্বিত এবং এই ভিশন সম্পূর্ণ হলে তার প্রভাব দেখার জন্য আগ্রহী।"

Urban Resource Institute-এর CEO Nathaniel Fields (নাথানিয়াল ফিল্ডস) বলেন, "40 বছরের বেশি সময় ধরে দেশের সবথেকে বড় আশ্রয় ও সাপোর্ট সেবা প্রদানকারী Urban Resource Institute গৃহ নির্যাতনের সার্ভাইভার এবং হাউজিং অনিরাপত্তায় ভুগতে থাকা মানুষের জন্য ট্রমা-অবগত কেয়ার দেওয়ার ক্ষেত্রে শীর্ষে আছে। Innovative Urban Village-এ আমরা শুধু হাউজিং দিচ্ছি না, বাসিন্দাদের নিরাময় এবং পুনর্গঠনে সাহায্য করতে আমরা আমাদের সম্পূর্ণ শক্তির র্যাপঅ্যারাউন্ড সেবা দিচ্ছি। নিরাপত্তা পরিকল্পনা এবং আইনি অ্যাডভোকেসি থেকে শুরু করে অর্থনৈতিক ক্ষয়তায়ন পর্যন্ত, আমরা সার্ভাইভারদের সাথে তারা যেখানে আছেন সেখানেই দেখা করি এবং তাদের স্থায়ী স্থিতিশীলতা অর্জনের পথে তাদের সাথে চলি। এই প্রজেক্টটি হলো ভায়োলেশন, হোমলেস হওয়া, এবং দারিদ্র্যের চক্র শেষ করতে URI-এর মিশনের জন্য, এবং এমন একটি ভবিষ্যৎ তৈরির জন্য একটি সাহসী অগ্রগামী ধাপ যেখানে সার্ভাইভাররা শুধু টিকে থাকবে না বরং সমৃদ্ধি করবে।"

Practice for Architecture and Urbanism-এর ফাউন্ডার এবং ক্রিয়েটিভ ডিরেক্টর Vishaan Chakrabarti (ভিশান চক্রবর্তী) বলেন, "এক দশকের বেশি সময় ধরে তৈরি হতে থাকা এই প্রজেক্টটি সত্যিই পরিশ্রমের ফসল। এখানে একটি অল্প ব্যবহার হওয়া আর্বান স্পেসকে নেওয়া হয়েছে এবং একটি ইনক্লুসিভ কমিউনিটি তৈরি করা হয়েছে যা মর্যাদা, স্থিতিশীলতা, এবং অনেক ধরণের আয়সহ নিউ ইয়র্কবাসীদের জন্য বাসার ধারণা দিয়ে থাকে। এটিকে বাস্তব হতে দেখা গভীরভাবে অর্থপূর্ণ।"

Goldman Sachs Alternatives Urban Investment Group-এর চেয়ার Asahi Pompey (আশি পম্পেই) বলেন, "Goldman Sachs-এর জন্য Innovative Urban Village শুধু ইট, কাঠ, পাথর নয়। আমাদের বিনিয়োগ লো ইস্ট নিউ ইয়র্কের সম্ভাবনার জন্য একটি ডাউন পেমেন্ট, যা হাজার হাজার মানসম্পন্ন সাশ্রয়ী বাসা এবং অতি প্রয়োজনীয় সেবা তৈরি করবে যা কমিউনিটির অর্থনৈতিক প্রাণশক্তিকে শক্তি দিবে।"

J.P. Morgan Community Development Banking-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Jane Silverman (জেন সিলভারম্যান) বলেন, "Innovative Urban Village-এর পর্যায় 1B প্রজেক্টের অংশ হতে পেরে আমরা সম্মানিত, এটি একটি রূপান্তরমূলক ডেভেলপমেন্ট যা কমিউনিটি ও সহযোগিতার চেতনাকে ধারণ করে। এই প্রজেক্টটি হলো সরকারি ও বেসরকারি খাত একসাথে কাজ করলে কী অর্জন করা সম্ভব তার একটি প্রমাণ। J.P. Morgan-এ আমাদের ব্রুকলিন এবং এর বাসিন্দাদের প্রতি গভীর প্রতিশ্রুতি রয়েছে, এবং আমরা এমন সাশ্রয়ী হাউজিং তৈরিকে সমর্থন করতে পেরে গর্বিত যা ইস্ট নিউ ইয়র্কের একটি সমৃদ্ধ কমিউনিটির ভিত্তি হিসেবে কাজ করবে।"

গভর্নর হোকলের আবাসন এজেন্ডা
নিউ ইয়র্কের আবাসন সঙ্কটের সমাধান করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্টেটকে আরো সাশ্রয়ী ও বাসযোগ্য করতে গভর্নর Hochul (হোকল) নিবেদিত। 2025 সালের প্রণীত বাজেটের অংশ হিসেবে, গভর্নর নতুন কর ছাড়ের ব্যবস্থা, মূলধন বরাদ্দ ও ভাড়াটে এবং বাড়ির মালিকদের জন্য নতুন প্রতিরক্ষার মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বৃদ্ধি করার জন্য একটি স্মরণীয় চুক্তি নিশ্চিত করেছেন। এই অঙ্গীকারের উপর নির্ভর করে, 2026 সালের অর্থবছরের প্রণীত বাজেটে আবাসনের জন্য নতুন করে স্টেট বরাদ্দ, একটি হাউজিং অ্যাক্সেস ভাউচার পাইলট প্রোগ্রাম (Housing Access Voucher pilot program) এবং ভাড়াটিয়া ও বাড়ি ক্রেতাদের জন্য ক্রয়ক্ষমতা উন্নত করার জন্য নতুন নীতীমালা অন্তর্ভুক্ত করা হয়েছে। এই উদ্যোগগুলি গভর্নরের পাঁচ বছর মেয়াদী, 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনার সংযোজন, যার মাধ্যমে 2023 সালের অর্থবছরের কার্যকর বাজেটে অন্তর্ভুক্ত, স্টেটব্যাপী 100,000টি সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি বা সংরক্ষণ করা হয়, যার মধ্যে 10,000টি দুর্বল জনগণের জন্য সহায়ক সেবার সাথে রয়েছেম এছাড়াও অতিরিক্ত 50,000টি বাড়ির বিদ্যুতায়ন করা হবে। এখন পর্যন্ত 60,000 এর বেশি বাড়ি তৈরি বা সংরক্ষণ করা হয়েছে।

2025 ও 2026 সালের অর্থবছরের প্রণীত বাজেটগুলো গভর্নরের প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রামকেও শক্তিশালী করেছে — যা অনুমোদিত এলাকাগুলিকে 750 মিলিয়ন মার্কিন ডলার

পর্যন্ত নির্বাহী স্টেট বরাদ্দে একক অ্যাক্সেস প্রদান করে। বর্তমানে, 300-এর বেশি কমিউনিটি প্রো-হাউজিং সার্টিফিকেশন পেয়েছে, যার মধ্যে নিউ ইয়র্ক সিটি আছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন